# ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারি কর্মচারী হাসপাতালের কর্মপরিকল্পনা

## পটভূমি

সকল সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করার মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্টে পৌছাতে সরকারি কর্মচারী হাসপাতাল অগ্রণী ভূমিকা পালন করেছে। ব্যয়সাশ্রয়ী, আধুনিক, কার্যকর ত্রবং টেকসই মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য হাসপাতাল থেকে চিকিৎসা ও চিকিৎসা অবকাঠামো কর্মযজ্ঞ পরিচালিত হচ্ছে। বরাবরেই সরকারি কর্মচারী হাসপাতাল আধুনিক প্রযুক্তির সাথে তাল মিলিয়ে স্বাস্থ্যসেবাকে সহজলভ্য করতে সচেষ্ট। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিগত চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য ব্যবস্থাপনাকে আধুনিকভাবে গড়ে তুলতে আন্তরিক। এজন্য সরকারি কর্মচারী হাসপাতাল তার মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তির মেডিকেল যন্ত্রপাতি সংযোজনে কাজ করে যাচ্ছে। সরকারি কর্মচারী হাসপাতাল ইতোমধ্যে হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লবের উপর কর্মশালা ও প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভবনী পরিকল্পনায় চতুর্থ শিল্প চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আইন/নীতিমালা/কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী হাসপাতাল পরিকল্পনাটি প্রণয়ন করেছে।

## কর্মপরিকল্পনার রুপকল্প

চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে রোগীদের জন্য স্বাস্থ্যসেবাকে সহজলভ্য করা।

## কর্মপরিকল্পনা অভিলক্ষ্য

স্বাস্থ্যখাতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসেবার উন্নয়ন এবং সবার জন্য সুলভে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করে একটি সুস্থ সবল জনগোষ্ঠী গড়ে তোলা।

## কর্মপরিকল্পনা লক্ষ্য

হাসপাতালে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লব প্রযুক্তির সাথে পরিচিতি করা এবং সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে কর্মকর্তা ও কর্মচারীদের মানিয়ে নেওয়ার জন্য দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন করা।

## কর্মপরিকল্পনার উদ্দেশ্য

- চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় সরকারি কর্মচারী হাসপাতালের প্রস্তুতি;
- চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারি কর্মচারী হাসপাতালের মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি করা;
- চতুর্থ শিল্পবিপ্লব সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতার উন্নয়ন;
- স্বাস্থ্যসেবায় চতুর্থ শিল্পবিপ্লবের প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

## মেয়াদ

সরকারি কর্মচারী হাসপাতালের কর্মপরিকল্পনার সূচকগুলোকে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি এই তিন সময়সীমার মধ্যে বাস্তবায়ন করা হবে। স্বল্পমেয়াদি বলতে ১ বছরের মধ্যে মধ্যমেয়াদি কার্যক্রমসমূহ ২ বছরের মধ্যে ও দীর্ঘমেয়াদি কার্যক্রমসমূহ ৩-৪ বছরের মধ্যে বাস্তবায়িত হবে মর্মে নির্ধারণ করা হয়েছে।

## স্বল্পমেয়াদি কর্মপরিকল্পনা

| ক্র. | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম | বাস্তবায়নের সময়কাল ২০২২-২৩ | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনা সংক্রান্ত আদেশ জারি | ২৩.১০.২০২২ | প্রশাসন শাখা | ২৩.১০.২০২২ | - | - | - |
| ২ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন। | ৩০.১০.২০২২ | প্রশাসন শাখা | ৩০.১০.২০২২ | - | - | - |
| ৩ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধি নিমিত্ত প্রশিক্ষণ আয়োজন | ১টি | প্রশাসন শাখা | - | - | ১টি | - |

মোঃ ... ইসলাম
হেলথ এডুকেটর
সরকারী কর্মচারী হাসপাতাল
ফুলবাড়ীয়া, ঢাকা।

ডাঃ মোঃ জিয়া উদ্দিন
আই.সি.ইউ, ইনচার্জ
সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা।

ডাঃ ... মোনায়েম
আবাসিক সার্জন,
সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা।

MD. TOUHID BIN HASAN
Senior Assistant Secretary
Sarkari Kormochari Hospital
Ministry of Public Asministrition

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় দেশের অভ্যন্তরে অন্য প্রতিষ্ঠানের ১টি কার্যক্রম পরিদর্শন করা | ১টি | ইনোভেশন টীম | - | - | ১টি | |
| ৫ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ সভা আয়োজন | ১টি | প্রশাসন শাখা | - | - | ১টি | |
| ৬ | কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্থলে আগমন ও প্রস্থানে নির্দিষ্ট সময় নিশ্চিত করতে ডিজিটাল হাজিরা চালু | ৩০.০৬.২০২৩ | প্রশাসন শাখা | - | - | - | ৩০.০৬.২০২৩ |

## মধ্যমেয়াদি কর্মপরিকল্পনা

| ক্র. | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম |
|---|---|---|---|
| ১ | হাসপাতালের আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণের আয়োজন | ২টি | পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল। |
| ২ | হাসপাতালের সকল চিকিৎসা বিভাগের সাথে ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত কর্মশালা আয়োজন। | ১টি | পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল। |
| ৩ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন | প্রয়োজন মতো | ঐ |
| ৪ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ সভা আয়োজন | প্রয়োজন মতো | ঐ |
| ৫ | কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা। | ২টি | ঐ |
| ৬ | অনলাইনে এ্যাপয়েনমেন্ট চালু | ১টি | ঐ |

## দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা

| ক্র. | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম |
|---|---|---|---|
| ১ | আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণ আয়োজন | ২টি | প্রশাসন শাখা |
| ২ | অফিস ব্যবস্থাপনা ডিজিটালাইজেশন | ১টি | প্রশাসন শাখা |
| ৩ | কিডনী রোগের চিকিৎসায় আধুনিক প্রযুক্তির মেডিকেল যন্ত্রপাতি সংযোজনসহ নেফ্রোলজি ও ডায়ালাইসিস ইউনিট চালু | ৩০.০৬.২০২৫ | প্রকল্প পরিচালক |
| ৪ | সংকটাবস্থা রোগীদের জন্য আধুনিক প্রযুক্তির মেডিকেল যন্ত্রপাতি সংযোজনসহ করোনারি কেয়ার ইউনিটকে (সি.সি.ইউ) চালু | ৩০.০৬.২০২৫ | প্রকল্প পরিচালক |
| ৫ | মানসিক সমস্যায় আক্রান্ত রোগীদের সঠিক কাউন্সেলিং ও চিকিৎসার লক্ষ্যে মানসিক স্বাস্থ্য ও এডোলেসেন্স বিভাগ চালু | ৩০.০৬.২০২৪ | প্রকল্প পরিচালক |
| ৬ | অকাল, নবজাতক শিশু বা জন্মগত ব্যাধি নিয়ে জন্ম নেওয়া শিশুদের চিকিৎসার জন্য আধুনিক প্রযুক্তির মেডিকেল যন্ত্রপাতি সংযোজনসহ নিওনেটোলজি এন্ড এন.আই.সি.ইউ. বিভাগ চালু | ৩০.০৬.২০২৪ | প্রকল্প পরিচালক |
| ৭ | রোগীকে অতিরিক্ত যন্ত্রণা থেকে মুক্ত করার লক্ষ্যে আধুনিক প্রযুক্তির মেডিকেল যন্ত্রপাতি সংযোজনসহ প্যালিয়েটিভ কেয়ার বিভাগ চালু | ৩০.০৬.২০২৫ | প্রকল্প পরিচালক |

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ**

প্রযুক্তি সবসময় পরিবর্তনশীল। পরিবর্তনশীল প্রযুক্তির সাথে কর্মকর্তা-কর্মচারীদের মানিয়ে চলা বা সক্ষমতা অর্জন একটি বড় চ্যালেঞ্জ হতে পারে। নতুন নতুন প্রযুক্তি অনেকে গ্রহণ করতে চায় না। স্বাস্থ্যসেবায় প্রযুক্তিগত দিক দিয়ে দক্ষ জনবলের অভাব রয়েছে। দেশের মানব সম্পদ সংক্রান্ত পুরাতন আইন বিধি-বিধান এবং ব্যবস্থাপনা কাঠামো অনেক সময় প্রযুক্তি ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে।

**কর্মকৌশল**

প্রণীত কর্মপরিকল্পনায় সরকারি কর্মচারী হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে সম্যক জ্ঞান দান এবং দক্ষতা উন্নয়নের বিষয়গুলোর উপর জোর দেওয়া হয়েছে। দক্ষ কর্মকর্তাগণ যেকোন পরিস্থিতিতে নিজেদের মানিয়ে নিতে পারবে। সেই সাথে পরিবর্তনশীল প্রযুক্তি রপ্ত করতে পারে।

হেলথ এডুকেটর
সরকারী কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

ডাঃ মোঃ জিয়া উদ্দিন
বি.সি.এস (স্বাস্থ্য)
ICU, ইনচার্জ
সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা।
30/10/22

ডাঃ ফারহানা বিনতে মোনায়েম
আবাসিক সার্জন,
সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা
30/10/22

MD. TOUHID BIN HASAN
Senior Assistant Secretary
Barkari Kormochari Hospital
Ministry of Public Asministrition

তানজীবুল ইসলাম
সিনিয়র কনসালটেন্ট (শিশু)
বিভাগীয় প্রধান, শিশু বিভাগ
সরকারি কর্মচারী হাসপাতাল